# সদাপ্রভু তাঁর লোকদের শিক্ষা দেবার জন্য যিশাইয়কে প্রস্তুত করেছিলেন

## যিশাইয় সেই ভাববাদী ছিলেন যিনি স্বর্গকে দর্শন করেছিলেন।

**প্রার্থনা ঃ** "প্রিয় প্রভু, যিশাইয় ভাববাদী যেমন দেখেছিলেন, তদ্রুপ আমাদেরও তোমার মহিমা ও পবিত্রতাকে দেখতে দাও এবং তিনি যেমন হয়েছিলেন তেমনি আমাদেরকেও তোমার সম্মুখে অবনত হয়ে তোমার শুচিতাকে গ্রহণ এবং পরিচর্য্যার জন্য আমাদেরকে উৎসর্গ করতে সাহায্য কর।"

এর মধ্যে যে কোনও ছোটদের শিক্ষার কার্যধারা বেছে নিন যা তাদের বয়স ও প্রয়োজনের সাথে মানানসই হয়।

**যিশাইয় ৬ঃ১-৮** অংশে যিশাইয়ের স্বর্গ দর্শনের ঈশ্বর দ্বারা তাকে প্রাচীন ইস্রায়েলের মধ্যে তাঁর বাক্যকে প্রচার করার জন্য প্রেরণের ঘটনাটি পড়ে অথবা মুখস্থ বলে শোনান।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- যিশাইয় ঈশ্বরকে কোথায় দেখেছিলেন? (১ পদ দেখুন)
- প্রভুর উপর দিয়ে কি উড়ে গেছিল? (৩ পদ, সরাফরা ছিল মহৎ দূতগণ)
- সরাফগণ কি বলে চিৎকার করেছিল? (৩ পদ)
- দূতরা যখন গান করেছিল তখন মন্দিরে কি হয়েছিল? (৪ পদ)
- এ সমস্ত কিছু ঘটাকালীন যিশাইয়ের কি অনুভূতি হয়েছিল? (৫ পদ)



- যিশাইয় কেন ভীত হয়েছিলেন? (৫ পদ)
- যিশাইয়র ওষ্ঠ কিভাবে শুচিকৃত হয়েছিল? (৬-৭ পদ)
- দূতরা যিশাইয়কে কি বলেছিলেন? (৭ পদ)
- যিশাইয় ঈশ্বরকে কি প্রশ্ন জিজ্ঞাসা করতে শুনেছিলেন? (৮ পদ)
- ঈশ্বরের দ্বারা আমাদেরও কি শুচিকৃত হবার এবং পাপের থেকে ক্ষমা পাওয়ার দরকার আছে যেমন তিনি যিশাইয়র জন্য করেছিলেন?
- ঈশ্বর যদি জিজ্ঞাসা করেন যে লোকদের তাঁর কথা বলার জন্য তিনি কাকে প্রেরণ করবেন তবে তাঁকে আমরা কি উত্তর দেবো?

তাঁর বাক্যকে শিক্ষা দেবার জন্যে ঈশ্বর কিভাবে যিশাইয়কে প্রস্তুত করেছিলেন, সেই গল্পটি নাটক আকারে তৈরী করুন। (যিশাইয় ৬ঃ১-৮)

- আরাধনাকারী নেতাদের সাথে এই সংক্ষিপ্ত নাটকটি ছোটদের জন্য প্রস্তুত করুন।
- আপনার শিক্ষা দেবার সময়কে ছোটদের নিয়ে নাটকটি তৈরী করার জন্য ব্যবহার করুন।
- সমস্ত অংশগুলিই আপনার ব্যবহার করার দরকার নেই।
- বড় ছেলেমেয়েকে ছোটদের সাহায্য করতে দিন।
- বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্তবয়স্কদের যিশাইয় ঈশ্বরের রব ও বিবৃতিকারকের ভূমিকায় অবতীর্ণ হতে দিন। বিবৃতিতকার গল্পটির সংক্ষেপ করবে এবং ছোটদের কি বলতে ও করতে হবে তা স্মরণ করিয়ে দেবে।
- ছোট ছেলেমেয়েদের সরাফদের (মহান দূতদের) ভূমিকায় পাঠ করতে দিন। তারা জ্বলন্ত কয়লার মত কিছু একটা প্রস্তুত করবে অথবা খুঁজে রাখবে।

## প্রথম অংশ

**বিবৃতিকার ঃ** যিশাইয় ৬ঃ১-৭ অংশ থেকে প্রথম পাঠ বলবে। এরপর বলবে, ''শুনুন যিশাইয় কি বলছেন।''

**যিশাইয় ঃ** চোখের উপর হাত রেখে জোরে বলবে,

''ঈশ্বরকে আমি তাঁর মন্দিরে দেখতে পাচ্ছি, তাঁর মহিমা সর্বময় বিরাজিত !

তাঁর সিংহাসনের চারপাশে বড় বড় দূতরা উড়ে বেড়াচ্ছে !

মন্দিরটি কাঁপছে এবং ধোঁয়ায় পূর্ণ হয়ে যাচ্ছে !

এটা আমাকে ভীতকরে তুলেছে কারণ আমি পাপী !''

**বিবৃতিকার ঃ** ''সবাই শুনুন মহান দূতেরা কি বলছেন।''

**সরাফগণ (ছেলেরা) ঃ** জোরে জোরে গাইবে অথবা উচ্চারণ করবে, ''পবিত্র, পবত্রি, পবিত্র বাহিনীগণের সদাপ্রভু !''

**সরাফগণ (মেয়েরা) ঃ** ''সমস্ত পৃথিবী তাঁর মহিমায় পরিপূর্ণ।''

(ঈশ্বরের পবিত্রতার বিষয়ে আপনি ছোটদের গান গাইবার জন্য প্রস্তুত করতে পারেন)

**যিশাইয় ঃ** ''হে প্রভু আমি অশুচি ! আমার সমস্ত লোকেরা পাপী ! আমি তোমার উপস্থিতিতে থাকতে পারছি না।''

**একজন সরাফ ঃ** কয়লা নিয়ে যিশাইয়ের কাছে উড়ে যাবার অভিনয় করবে। কয়লা দিয়ে তার ওষ্ঠকে স্পর্শ করবে। চেঁচিয়ে বলবে, ''ঈশ্বর তোমাকে ক্ষমা করেছেন। তিনি তোমাকে তোমার সমস্ত পাপ থেকে শুচি করেছেন। সমস্ত কিছু এখন অতীত হয়ে গেছে !''

## দ্বিতীয় অংশ

**বিবৃতিকার ঃ** ৮ পদ থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে।

এরপর বলবে, ''শুনুন, ঈশ্বর কি বলেন''

**ঈশ্বরের রব ঃ** ''আমার একজন বার্তাবাহকের প্রয়োজন আছে যে লোকদের শিক্ষা দেবার জন্য যাবে ?''

**যিশাইয় ঃ** ''এই আমি, আমাকে প্রেরণ কর।''

**বিবৃতিকার ঃ** নাটকটিতে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জ্ঞাপন করবে।

**প্রশ্নসমূহ ঃ** ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য এটি প্রস্তুত করে থাকে তবে তাদেরকে উপরে দত্ত প্রশ্নগুলিও জিজ্ঞাসা করতে দিন।


**ব্যাখ্যা প্রদর্শন ঃ** পেন্সিল, কাগজ ও দেশলাই প্রস্তুত করবে। ছোটদের বলুন ঃ

- কোন্ কোন্ বিষয় আমাদেরকে ঈশ্বরের সাক্ষাতে অশুচি করে ? কাগজের উপর ছোটরা যা বলে তা লিখুন।

- আমাদের পাপ থেকে আমরা কি ভাবে মুক্তি পাই? কাগজটি পুড়িয়ে দিন। ব্যাখ্যা করুন যে ঈশ্বর আমাদের সমস্ত পাপ নিয়ে যান।

**জিজ্ঞাসা করুন ঃ** স্বর্গে যেমন মহান দূতেরা করেছিল তেমনি ঈশ্বরের পবিত্রতা এবং গরিমার প্রশংসা করার জন্য কি কি গান আমরা গাইতে পারি? (ছোটদেরকে কিছু গান উল্লেখ করতে ও সেগুলো গাইতে দিন)

জ্বলন্ত কয়লার ছবি আঁকুন। আরাধনার চলাকালীন প্রাপ্তবয়স্কদের তা দেখিয়ে ছোটদের ব্যাখ্যা করতে দিন যে ঈশ্বর কত পবিত্র এবং নির্মল এবং আগুন যেমন পরিষ্কৃত করে তেমনি তিনিও আমাদেরকে আমাদের থেকে ধৌত করেন।



**গীতসংহীতা ৫১ঃ১০ পদ মুখস্থ করুন।**

**কবিতা ঃ** গীতসংহিতা ৬৩ঃ১-৩ থেকে তিনজন ছেলেমেয়ের প্রত্যেককে একটি করে পদ আবৃত্তি করতে দিন।

''হে ঈশ্বর তুমি আমার ঈশ্বর; আমি স্বযত্নে তোমার অন্বেষণ করব;

আমার প্রাণ তোমার জন্য পিপাসু, আমার মাংস তোমার জন্য লালায়িত,

শুষ্ক ও শ্রান্তিকর দেশে, জলবিহীন দেশে।

এইরূপে আমি পবিত্রস্থানে তোমার মুখ চাহিয়া থাকিতাম,

তোমার পরাক্রম ও তোমার গৌরব দেখিবার জন্য।

কারণ তোমার দয়া জীবন হইতেও উত্তম;

আমার ওষ্ঠাধর তোমার প্রশংসা করিবে।''

ঈশ্বরের পবিত্রতার উপর ছোটদেরকে একটি গান, কবিতা অথবা সাধারণ নাটক তৈরী করতে বলুন। তারা, মহৎ দূতেরা কিভাবে স্বর্গে ঈশ্বরের স্তুতি করে এবং তিনি কি ভাবে আমাদের শুচি করেন যাতে আমরা তার পরিচর্য্যা করতে পারি তার উপরে বলতে পারে।

**প্রার্থনা ঃ** ''প্রভু! যিশাইয়র মত আমরাও তোমার পবিত্রতা ও মহৎ পরাক্রমের স্তুতি করি। মহান দূতেরা তোমার আরাধনা করে। তাদের সাথে আমরাও গাই, ''পবিত্র! পবিত্র! পবিত্র!'' তোমার পবিত্রতা আমাদের দেখায় যে আমরা কত অশুচি। আমাদের ক্ষমা কর ও শুচি কর। যীশুর নামে তোমার ধন্যবাদ জানাই।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net